

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.dmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১২৯.১৪-৪৪৬


তারিখঃ ১৫-১০-২০১৫ খ্রিঃ

প্রজ্ঞাপন

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়াধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জেলা কাঠামোতে কর্মরত নেত্রকোণা জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (চঃদাঃ) কাজী নূরুল ইসলাম ০৭-০৯-১৯৮৬ খ্রিঃ তারিখে চাকরিতে যোগদান করেন। তার চাকরিকাল ২৫ বছরের উর্ধ্বে হওয়ায় গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর ৯ (১) ধারার বিধান অনুযায়ী তিনি গত ০৭-০৯-২০১৫ খ্রিঃ তারিখে নিয়োগকারী কর্তৃপক্ষকে নোটিশ প্রদান করে ১৫-১০-২০১৫ খ্রিঃ তারিখ থেকে সরকারী চাকরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করেন। তার ইচ্ছা অনুযায়ী ১৫-১০-২০১৫ খ্রিঃ তারিখে তাকে স্বেচ্ছায় চাকরি হতে অবসর গ্রহণের অনুমতি প্রদান করা হলো এবং ১৬-১০-২০১৫ হতে ১৫-১০-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস গড় বেতনে অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং ১৫-১০-২০১৫ খ্রিঃ তারিখ হতে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)

ফোনঃ ৯৫৭০০৪০


asra@modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১২৯.১৪-৪৪৬/১(৮)

তারিখঃ ১৫-১০-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
ইহা তাঁর ০৪-১০-২০১৫ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১২৯.১৫-৯৪৮ সংখ্যক স্মারকের বরাতে।
- ২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নেত্রকোণা।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নেত্রকোণা।
- ৮। কাজী নূরুল ইসলাম, ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (চঃদাঃ), নেত্রকোণা।


(মোঃ শাহজাহান)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।